# আল-কামার | Al-Qamar | اَلْقَمَر

আয়াতঃ ৫৪ : ২০

## আরবি মূল আয়াত:

تَنزِعُ النَّاسَ كَاَنَّهُمۡ اَعجَازُ نَخلٍ مُّنقَعِرٍ ﴿۲۰﴾

## অনুবাদসমূহ:

তা মানুষকে উৎখাত করেছিল। যেন তারা উৎপাটিত খেজুরগাছের কান্ড। — আল-বায়ান

মানুষকে তা উৎপাটিত করেছিল যেন তারা উৎপাটিত খেজুর গাছের কান্ড। — তাইসিরুল

মানুষকে ওটা উৎখাত করেছিল উন্মুলিত খেজুর কান্ডের ন্যায়। — মুজিবুর রহমান

Extracting the people as if they were trunks of palm trees uprooted. — Sahih International

২০. তা মানুষকে উৎখাত করেছিল যেন তারা উৎপাটিত খেজুর গাছের কাণ্ড।

-

তাফসীরে জাকারিয়া

(২০) তা মানুষকে উৎখাত করেছিল উৎপাটিত খেজুর কান্ডের ন্যায়। [1]

[1] এতে তাদের দেহের উচ্চতার সাথে সাথে অক্ষমতার কথাও তুলে ধরা হয়েছে। আল্লাহর শাস্তির মোকাবেলায় তারা কিছুই করতে পারেনি। অথচ তারা নিজের শক্তি-সামর্থ্যের ব্যাপারে চরম অহংকারী ছিল। أَعْجَازُহল عِجْزٌ এর বহুবচন। কোন জিনিসের পিছনের অংশকে বলা হয়। مُنْقَعِرٌযে স্বীয় মূল থেকে উপড়ে যাওয়া বা কেটে যাওয়া। অর্থাৎ, উৎপাটিত খেজুরের কান্ডের (বা কাটা গুঁড়ির) মত তাদের লাশগুলো মাটিতে পড়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4866

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন